

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**
Date: 06-11-2024
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) সরকার মেধাবী শিক্ষার্থীদের আর্থিক সহায়তা প্রদানের জন্য প্রধানমন্ত্রী-বিদ্যালক্ষ্মী প্রকল্প অনুমোদন করেছে।
- (২) NITI আয়োগের উদ্যোগে জল সংরক্ষণের প্রতি সচেতনতা এবং সংবেদনশীলতা তৈরি করতে আজ ১৫ দিনের জল উৎসবের সূচনা হয়েছে। একইসঙ্গে রাজ্যের ধলাই জেলাতেও আজ জল উৎসবের সূচনা হয়।
- (৩) রাজ্যও ছটপূজার আয়োজন করা হয়েছে।
- (৪) ত্রিপুরা ও পল্লিচেরীর মধ্য কোচবিহার ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের চারদিনের খেলা আজ থেকে শুরু হয়েছে।

PM-Vidyalaxmi :

সরকার মেধাবী শিক্ষার্থীদের আর্থিক সহায়তা প্রদানের জন্য প্রধানমন্ত্রী-বিদ্যালক্ষ্মী প্রকল্প অনুমোদন করেছে।

তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব আজ মন্ত্রিসভার বৈঠকে গৃহীত সিদ্ধান্তের বিষয়ে নতুনদিল্লিতে সংবাদমাধ্যমকে বলেছেন, উচ্চ শিক্ষার জন্য শিক্ষার্থীরা জামানত-মুক্ত এবং গ্যারান্টার-মুক্ত খণ পাওয়ার যোগ্য হবে। তিনি বলেন, আর্থিক সীমাবদ্ধতা যাতে ভারতের কোনো যুবকের মানসম্পন্ন উচ্চশিক্ষা গ্রহণে বাধা না হয়, সেজন্য এই প্রকল্পটি চালু করা হয়েছে।

প্রকল্প অনুযায়ী, সাড়ে সাত লক্ষ টাকা পর্যন্ত খণ দিতে ব্যক্তগুলিকে সহায়তা করার জন্য সরকার ৭৫ শতাংশ গ্যারান্টি প্রদান করবে। আট লক্ষ টাকা পর্যন্ত বার্ষিক পারিবারিক আয়ের ছাত্ররা ১০লক্ষ টাকা পর্যন্ত শিক্ষা খণে ৩ শতাংশ সুদ সাশ্রয় পাওয়ার যোগ্য হবে। এই প্রকল্পের মাধ্যমে সাত লক্ষ শিক্ষার্থী উপকৃত হবে বলে আশা করা হচ্ছে। প্রকল্পের সুবিধা পেতে, শিক্ষার্থীরা ইউনিফাইড পোর্টাল পিএম বিদ্যালক্ষ্মীতে শিক্ষা খণের জন্য আবেদন করতে পারে।

CM Wish :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকার PM Vidyalakshmi প্রকল্পে মেধাবী ছাত্রছাত্রীদের ক্ষমতায়নের জন্য ৩ হাজার ৬০০ কোটি টাকা মণ্ডেজুর করায় শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করেছেন। এক শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন আর্থিক সীমাবদ্ধতা আর ছাত্রছাত্রীদের উচ্চশিক্ষা গ্রহনের ক্ষেত্রে বাধা হয়ে দাঁড়াবেনা।

Jal Utsav :

NITI আয়োগের উদ্যোগে জল সংরক্ষণের প্রতি সচেতনতা এবং সংবেদনশীলতা তৈরি করতে আজ ১৫ দিনের জল উৎসবের সূচনা হয়েছে। এই প্রচারাভিযানটি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দৃষ্টিভঙ্গি অনুসরণ করে শুরু করা হল। গত বছরের ডিসেম্বরে অনুষ্ঠিত তৃতীয় মুখ্য সচিব সম্মেলনের সময় 'নদী উৎসব'-এর আদলে 'জল উৎসব'-এর ধারণা দেন প্রধানমন্ত্রী। নীতি আয়োগ জানিয়েছে, আজ থেকে ২৪শে নভেম্বর পর্যন্ত ২০টি উচ্চাকাঞ্চকী জেলা এবং ব্লকে জল উৎসব করা হচ্ছে। এটি জাতীয় জল জীবন মিশন, পানীয় জল ও স্বাস্থ্যবিধি বিভাগ, জল শক্তি মন্ত্রকের সঙ্গে অংশীদারিত্বে করা হচ্ছে। উৎসবটি ২০টি রাজ্য

জুড়ে জল সম্পদ সংরক্ষণ এবং সুরক্ষায় জনগণের অংশগ্রহণের উদ্দেশ্যে করা হচ্ছে। এর মাধ্যমে পরিবার ও বিভিন্ন সংস্থায় জলের সঠিক ব্যবহার এবং জল ব্যবস্থাপনার প্রতি দায়িত্ববোধ জাগ্রত করার চেষ্টা করা হবে। স্কুল ছাত্রদের জল ব্যবস্থাপনা কার্যক্রমে এই উদ্যোগে নাম নথিভুক্ত করা হচ্ছে, তাদের পরিবার এবং গোষ্ঠীর মধ্যে পরিবর্তনের জন্য অনুঘটক হিসেবে কাজ করার জন্য তাদের ক্ষমতায়ন করা হচ্ছে। পক্ষকাল ব্যাপী উৎসবটি জল সম্পদের উপর পবিত্র সুতোর প্রতীকী বাঁধন, 'জল বন্ধন' দিয়ে শুরু হয়।

Jal Utsab-Dhalai :

রাজ্যের ধলাই জেলাতেও জল উৎসবের আয়োজন করা হয়েছে। ধলাই জেলা প্রশাসনের উদ্যোগে কুলাই ঠাকুরপল্লী এলাকায় ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট প্রাঙ্গনে আজ জল উৎসবের আয়োজন করা হয়। অনুষ্ঠানের সূচনা করেন ধলাই জিলা পরিষদের সভাধিনেত্রী সুমিতা দাস। জল উৎসবের তাৎপর্য ব্যাখ্যা করে তিনি বলেন,

#####Byte#####

জল উৎসবের এই অনুষ্ঠানে এলাকার সাধারণ অংশের মানুষের উপস্থিতিতে পানীয় জল সংরক্ষণ নিয়ে একটি শপথ বাক্য পাঠ করানো হয়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন আমবাসা পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন হেমালি দেববর্মা, জেলার অতিরিক্ত জেলা শাসক সুভাষ আচার্য, নীতি আয়োগের ইয়ং প্রফেশনাল অলকা নন্দা আর পি, পানীয় জল ও স্বাস্থ্যবিধি দপ্তরের সুপারেন্টেন্ডেন্ট ইঞ্জিনিয়ার জীবন দেববর্মা প্রমুখ।

Agriculture Minister :

কৃষ্ণমন্ত্রী রতনলাল নাথ আজ মোহনপুরের ট্রৈরান চৌমুহনিতে মোহনপুর পাবলিক লাইব্রেরির দ্বারোদঘাটন করেন। এ উপলক্ষে মোহনপুর পঞ্চায়েত সমিতি হলে আয়োজিত অনুষ্ঠানে তিনি বলেন, মোহনপুরবাসীর দীর্ঘদিনের স্বপ্ন পূরণ হলো এই লাইব্রেরি উদ্বোধন হওয়ার ফলে। এরজন্য তিনি রাজ্য সরকারকে ধন্যবাদ জানান। তিনি ভবিষ্যৎ প্রজন্মকে আরও বেশি করে বই পড়ার পরামর্শ দেন। কৃষ্ণমন্ত্রী বলেন, ত্রিপুরাতে এটি নিয়ে ২৯টি পাবলিক লাইব্রেরি রয়েছে। প্রতিটি ব্লকে, প্রতিটি পঞ্চায়েতে, ভিলেজে লাইব্রেরি খোলার জন্য রাজ্য ও কেন্দ্রীয় সরকার চেষ্টা করছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মোহনপুর পুরপরিষদের চেয়ারপার্সন অনিতা দেবনাথ, পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাকেশ দেব, ভাইস চেয়ারম্যান সঞ্জীব কুমার দাস, লেফুঙ্গা বিএসি চেয়ারম্যান রণবীর দেববর্মা প্রমুখ।

Chat Puja :

রাজ্যেও ছটপূজার প্রস্তুতি নেয়া হয়েছে। আজকের অনুষ্ঠানকে খরনা বলা হয়। কার্তিক মাসের শুক্লা চতুর্থী তিথি থেকে এই পূজার সূচনা হয়। এই পূজায় সূর্যোদয় ও সূর্যাস্তের সময় জলে দাঁড়িয়ে পরিবারের সুখ সমৃদ্ধি ও মঙ্গল কামনায় সূর্যের উদ্দেশ্যে অর্ঘ্য নিবেদন করা হয়। শুক্রবার সূর্যোদয়ের মুহূর্তেও সূর্যের উদ্দেশ্যে অর্ঘ্য নিবেদনের মধ্যে দিয়ে উপবাস ও পূজার সমাপ্তি ঘটবে। এই পূজাকে কেন্দ্র করে ত্রিপুরাতেও বিপুল উৎসাহ উদ্দীপনা দেখা যায়। বিশেষত রাজ্য বসবাসকারী বিহার, ঝাড়খন্দ, উত্তর প্রদেশের বাসিন্দারা ভক্তিভরে ছটপূজায় সামিল হন।

Safai Karmachari Commission :

কেন্দ্রীয় সরকারের National Commission for Safai Karmachari-র ভাইস চেয়ারপার্সন অঞ্জনা পানওয়ার সাফাই কর্মীদের উপযুক্ত সম্মান প্রদর্শনের জন্য সবার প্রতি আহ্বান জানিয়েছেন। আজ আগরতলায় পুর নিগম সহ বিভিন্ন পুর সংস্থার সাফাই কর্মচারীদের নিয়ে এক পর্যালোচনা বৈঠকে তিনি এই আহ্বান জানান। সাফাই কর্মীদের কাজের গুরুত্ব উল্লেখ করে শ্রীমতি পানওয়ার বলেন,

#####Byte#####

শ্রীমতি পানওয়ার আরো বলেন, সাফাই কর্মচারীদের কাজে প্রতি সম্মান জানাতে প্রধানমন্ত্রী উত্তর প্রদেশের প্রয়াগরাজে সাফাই কর্মচারীদের সম্মানিত করেন। বারানসীতে প্রধানমন্ত্রী নিজে সাফাই কর্মচারীদের সঙ্গে বসে ভোজন করেছেন। পর্যালোচনা সভায় তিনি সাফাই কর্মীদের মজুরী, চিকিৎসার জন্য ই এস আই, স্বাস্থ্য বিমা, আয়ুষ্মান কার্ড প্রদানের বিষয়ে বিস্তারিত খোঁজ খবর নেন। তিনি সাফাই কর্মীদের মজুরী প্রতি সপ্তাহে মিটিয়ে দিতে বলেন। তাছাড়া বছরে দুবার সাফাই কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা উপরও তিনি গুরুত্ব দেন। সুরক্ষার জন্য সাফাই কর্মীদের মধ্যে নিয়মিত হ্যান্ড শ্লাভস, গামবুট, জ্যাকেট ও উপযুক্ত পোশাক সরবরাহের জন্য তিনি পরামর্শ দেন। সাফাই কর্মীদের মধ্যে বর্ষাকালের জন্য বর্ষাতি, শীতকালের জন্য সুয়েটার এবং উপযুক্ত জুতো সরবরাহের জন্য সংশ্লিষ্ট আধিকারীকদের প্রতি নির্দেশ দেন। সাফাই কর্মীদের জন্য ই.পি.এফ সুবিধা রয়েছে কিনা তারও খোঁজ নেন তিনি। বৈঠকে সমাজ কল্যান সমাজ শিক্ষা সচিব দীপা ডি নায়ার, পশ্চিম জেলার জেলা শাসক ডাঃ বিশাল কুমার, আগরতলা পুর নিগমের কমিশনার ডাঃ শৈলেশ যাদব, বিভিন্ন জেলার জেলা প্রশাসনের আধিকারীকগণও উপস্থিত ছিলেন।

Kala Utsab :

রাজ্য জেলায় জেলায় কলা উৎসব অনুষ্ঠিত হচ্ছে। দু'দিনব্যাপী পশ্চিম ব্রিপুরা জেলাভিত্তিক কলা উৎসব আজ থেকে আগরতলার মহারাণী তুলসীবতী উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে শুরু হয়েছে। উদ্বোধন করেন আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার। উদ্বোধন করে মেয়র দীপক মজুমদার বলেন, পুঁথিগত বিদ্যার পাশাপাশি সাংস্কৃতিক চর্চা শিক্ষার্থীদের পূর্ণাঙ্গ মানুষ তৈরিতে সাহায্য করে। প্রতিভা বিকাশের জন্য একটি ভালো মঞ্চ হল এই কলা উৎসব। উপস্থিত ছিলেন পশ্চিম ব্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বলাই গোস্বামী, এলিমেন্টারি এবং সেকেন্ডারি এডুকেশনের অধিকর্তা এন সি শর্মা প্রমুখ।

সিপাহীজলা জেলাভিত্তিক কলা উৎসব আজ বিশালগড় টাউন হলে অনুষ্ঠিত হয়। বিদ্যালয় শিক্ষা দপ্তর আয়োজিত এই কলা উৎসবের উদ্বোধন করেন বিশালগড়ের বিধায়ক সুশান্ত দেব। উপস্থিত ছিলেন কমলাসাগর বিধানসভা কেন্দ্রের বিধায়ক অন্তরা সরকার দেব, বিশালগড় পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন অতসী দাস প্রমুখ। সিপাহীজলা জেলার অন্তর্গত ৩৪টি বিদ্যালয় থেকে প্রায় ২৩৪ জন ছাত্রছাত্রী নাটক, সংগীত, নৃত্য সহ বিভিন্ন প্রতিযোগিতা মূলক অনুষ্ঠানে অংশ গ্রহণ করে এই উৎসবে।

খোয়াই জেলা শিক্ষা দপ্তরের উদ্যোগে খোয়াই পুরাতন টাউন হলে জেলা ভিত্তিক কলা উৎসব অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী, রঞ্জিত দেববর্মা, খোয়াই জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা সিংহ রায়, খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবাশীষ নাথ শর্মা প্রমুখ। খোয়াই জেলার ৪৬টি স্কুল থেকে ৩৪৮ জন প্রতিযোগী এই কলা উৎসবে অংশগ্রহণ করে।

উত্তর ব্রিপুরা জেলাভিত্তিক কলা উৎসব আজ থেকে ধর্মনগরে শুরু হয়েছে। বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী ভবনে দু'দিনব্যাপী কলা উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন মিতালী রাণী দাস সেন। জেলাভিত্তিক এই কলা উৎসবে উত্তর জেলার বিভিন্ন বিদ্যালয় থেকে ২৭৬ জন ছাত্রছাত্রী বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছে।

Job Drive :

ভারত সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রকের "ন্যাশনাল কেরিয়ার সার্ভিস" প্রকল্পের আওতায় চাকুরী মেলা আজ কৈলাশহরের জেলা কর্মবিনিযোগ কেন্দ্র চতুরে অনুষ্ঠিত হয়। কর্মবিনিযোগ ও জনশক্তি পরিকল্পনা দপ্তরের ব্যবস্থাপনায় এই চাকুরী মেলা'র আয়োজন করা হয়। মোট ৪৫টি বে-সরকারী পদের জন্য ইন্টারভিউ দেন কর্মপ্রার্থী যুবক-যুবতীরা। সহকারী কর্মবিনিযোগ আধিকারিক পিঙ্কু দাস জানান, কর্মপ্রার্থীদের কর্মসংস্থানের সুযোগ করে দিতে এই চাকুরী মেলা'র আয়োজন।

Mukhamantri Samipeshu :

মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচির ৩৫তম পর্বে আজও রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে মানুষ তাদের সমস্যা সমাধানের জন্য মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সাথে সাক্ষাৎ করেন। আগরতলায় মুখ্যমন্ত্রীর সরকারী বাসভবনে আয়োজিত এই কর্মসূচিতে প্রত্যেকেই তাদের বিভিন্ন সমস্যা, অভাব ও অভিযোগের কথা মুখ্যমন্ত্রীর কাছে তুলে ধরেন। এদের মধ্যে সিংহভাগই এসেছেন চিকিৎসায় সহায়তার আর্জি নিয়ে। মুখ্যমন্ত্রী ডাঃ সাহা তাদের চিকিৎসা সংক্রান্ত কাগজপত্র খতিয়ে দেখে সঙ্গে সঙ্গেই সংশ্লিষ্ট আধিকারিকদের প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন।

Freshers' Welcome :

প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস আজ দুপুরে কৈলাশহরের প্রতিহ্যবাহী রামকৃষ্ণ মহাবিদ্যালয়ের "নবীন বিদ্যার্থী বরণ" "অনুষ্ঠানের উদ্বোধন করেন। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, ছাত্র-ছাত্রীদের উজ্জ্বল ভবিষ্যৎ গড়ার ঠিকানা হচ্ছে এই মহাবিদ্যালয়। আগামীতে জীবনে সাফল্যের চাবিকাঠি এই কলেজে

নিহিত আছে। বক্তব্য রাখেন, অধ্যাপক ডক্টর তরুণ কুমার সিনহা, আইনজীবী সন্দীপ দেবরায়, ছাত্র প্রতিনিধি আয়ুশ দেব প্রমুখ। সভাপতিত্ব করেন, কলেজের অধ্যক্ষ ডক্টর পিনাকী পাল। নবীন বিদ্যার্থী বরণ উপলক্ষে বর্ণময় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

Human Rights Commission-Press Meet :

রাজ্য মানবাধিকার কমিশনের চেয়ারম্যান অবসরপ্রাপ্ত বিচারপতি স্বপন দাস আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে বলেন, যদি কোন ব্যক্তি বিশেষের মানবাধিকার কোন সরকারি কর্মচারী অথবা সরকারি কর্তৃপক্ষ কর্তৃক লঙ্ঘিত হয় বা লঙ্ঘন করার জন্য প্রয়োচিত করা হয় এবং মানবাধিকার রক্ষার ক্ষেত্রে কোন গাফিলতি থাকে সে ক্ষেত্রে রাজ্য মানবাধিকার কমিশন তদন্তক্রমে সুনির্দিষ্ট সুপারিশ করতে পারে। তিনি জানান, চলতি বছর রাজ্য মানবাধিকার কমিশন স্বত্ত্বান্বিতভাবে মোট ২৫টি মামলা গ্রহণ করে। এর মধ্যে ৯টি মামলার নিষ্পত্তি হয়েছে। তাছাড়া চলতি বছরে এখনো পর্যন্ত মানবাধিকার কমিশন ৮৩টি অভিযোগ গ্রহণ করে। এরমধ্যে ৬৫টি অভিযোগের নিষ্পত্তি হয়েছে। তিনি জানান, আগামী ১০ই ডিসেম্বর আন্তর্জাতিক মানবাধিকার দিবস যথাযথ মর্যাদায় পালন করা হবে।

Cooch Behar Trophy :

ত্রিপুরা ও পশ্চিমের মধ্য কোচবিহার ট্রফি অনুর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের চারদিনের খেলা আজ থেকে শুরু হয়েছে। নরসিংগড়ের পিটিএ মাঠ বৃষ্টিতে ভেঙ্গা থাকায় সাড়ে তিন ঘণ্টা পর খেলা শুরু হয়। ব্যাট করতে নেমে সফরকারী পশ্চিমের প্রথম ইনিংসে ৬ উইকেট হারিয়ে ১১০ রান করে।

Ranji Trophy :

ত্রিপুরা ও বরোদার মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আজ থেকে
শুরু হয়েছে। বৃষ্টিতে মাঠ ভেজা থাকায় এম বি বি স্টেডিয়ামে
নির্ধারিত সময়ের তিন ঘন্টা পর খেলা শুরু হয়। টসে জিতে
রাজ্যদল প্রথমে ফিল্ডিং করার সিদ্ধান্ত নেয়। ব্যাট করতে নেমে
সফরকারী বরোদা প্রথম ইনিংসে প্রথম দিনের শেষে ৪ উইকেট
হারিয়ে ১৫৭ রান সংগ্রহ করে। দলের পক্ষে এ. শেঠ অপরাজিত
৭৪ রান করেন। রাজ্যদলের অভিজিৎ সরকার ৫২ রানে ৩টি
উইকেট দখল করেন।
